**4. সঠিক উত্তর নির্বাচন করে লেখো:** **(1×5=5)**

**(i)** "পথের বাঁকের আড়াল হইতে একটি ছ -সাত বছরের ফুটফুটে সুন্দর ,ছিপছিপে চেহারার ছেলে ছুটিয়া আসিয়া দলের নাগাল ধরিল"-এখানে কার কথা বলা হয়েছে?

**(A)** সতু **(B)** রানু **(C)** পটলি **(D)** অপু

**(ii)** "হরিহর কাজ সারিয়া বাড়ি ফিরিল।" সে এখন কোথায় কাজ করে?

**(A)** অন্নদা রায়ের বাড়ি **(B)** নবীন পালিতের বাড়ি
**(C)** চক্রবর্তীদের বাড়ি **(D)** দত্তদের বাড়ি

**(iii) মন্তব্য:** হরিহরের বাড়ির খিড়কির দোর খোলার শব্দে সর্বজয়া বাইরে এসেছিল ।

**কারণ ক:** কুটির মাঠ দেখে অপুদের বাড়ি ফিরতে সন্ধ্যা হয়েছিল, তাই সর্বজয়া বেশ উদ্বিগ্ন ছিল।
**কারণ খ:** হরিহর বালক অপুকে দূরের পথে নিয়ে গিয়েছিল ,কিন্তু সাথে কোনো খাবার ছিল না।

**A)** মন্তব্য ঠিক ,কারণ ক ভুল, কারণ খ ঠিক **B)** মন্তব্য ভুল ,কারণ ক ঠিক, কারণ খ ভুল
**C)** মন্তব্য ঠিক ,কারণ ক ঠিক, কারণ খ ভুল **D)** মন্তব্য ঠিক কারন ক এবং কারণ খ দুটিই ঠিক

**iv) মন্তব্য:** সকলের মেয়ে দ্যাখো গে যাও সেঁজুতি করচে, শিবপুজো করচে- আর এত বড় ধাড়ি মেয়ে- দিনরাত কেবল টো - টো...
**কারণ ক:** গ্রামবাংলায় ভালো স্বামী লাভের কামনায় মেয়েদের এইসব ব্রত পালনের রীতি ছিল।
**কারণ খ:** দুর্গা সারাক্ষণ টো টো করে ঘুরে বেড়ান প্রসঙ্গে বিরক্ত হয়ে সর্বজয়া বলেছিলেন।



**A)** কারণ ক ও কারণ খ সঠিক। **B)** কারণ ক সঠিক হলেও কারণ খ ভুল।
**C)** কারণ ক ভুল হলেও কারণ খ সঠিক। **D)** উভয় কারণই ভুল।

**v.** "খুব উঁচু গাছ, সর্বোচ্চ ডালে যে ফল দুর্গা আকুশি দিয়াও নাগাল পাইলো না।"- কোন্ ফলের কথা বলা হয়েছে?

**A)** ওড়কলমি **(B)** আলকুশি **(C)** নোনা **(D)** সিঁদুরকৌটো আম

(1x10)

4. পাঠ্য গদ্য থেকে প্রশ্নগুলোর সঠিক উত্তর বেছে লেখ|

a) " একটা চিল উড়িয়া যাইতেছে " কাদের তালগাছের উঁচু মাথাটা পিছনে ফেলে যাচ্ছে সে?

i) পটলিদের | ii) নীলুদের
iii) নবীন পালিতের | iv) স্বর্ণদের

b ) নীলকন্ঠ পাখি দেখতে যাওয়ার দিনটি ছিল -

i) কার্তিক পূজা | ii) বিশালাক্ষী পূজা
iii) লক্ষ্মী পূজা | iv) সরস্বতী পূজা

c) তেলের ভাঁড় ছুঁলে, মা মারবে কেন?

i) মাসকাবারি জিনিস | ii) তেল পড়ে যাবে
iii) বাসি কাপড় | iv) তেল বাড়ন্ত

d) "মিষ্টি যেন গুড়"- কি এত মিষ্টি ?

i) কামরাঙা | ii) কুল
iii) মিঠাই | iv) কাঁকুড়তলির আম

e) সেদিন দ্রোণগুরু কোথায় বড় বিপদে পড়েছিলেন?

i) নীলমণি রায়ের ভিটার দিকে জঙ্গলের ধারে | ii) মুখুয্যে বাড়ির দালানে
iii) লিচু জঙ্গলে | iv) কুঠির মাঠে



f) সেজ-বৌ কিসের সরায় করে চিনিবাসের কাছ থেকে দশহরা পুজোর সামগ্রী কেনেন?

i) পিতলের | ii) স্টিলের
iii) কাঁসার | iv) কাঁচের

5. যেকোনো একটি প্রশ্নের উত্তর লেখো: (1×2=2)

ক। "তাহাই উপলব্ধি করিয়া বালকেরা এই প্রস্তাবে সম্পূর্ণ অনুমোদন করিল।"..... প্রসঙ্গ কী? বক্তব্য কী?

**অথবা**

খ। "তাহার মামাতো ভাইরা তাহার সহিত সম্বন্ধ স্বীকার করিতে লজ্জা বোধ করিত"- মামাতো ভাইরা কার সঙ্গে কেন সম্বন্ধ স্বীকার করতে লজ্জা বোধ করত?